গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

সম্প্রতি দেশে মাদক পাচার, মাদক ব্যবহারের উর্দ্ধগতি এবং এর ফলশ্রুতিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১৭ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে অধিদপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আব্দুস সবুর মন্ডল পিএএ<br>মহাপরিচালক। |
| সভার তারিখ ও সময় | : | ০৭ সেপ্টেম্বর, ২০২১খ্রি., বিকাল ০৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (৭ম তলা)। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য। |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচীর বিষয় সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

২। পরিচালক (প্রশাসন) ১৭ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় উপস্থাপন করেন। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: নং | আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের কর্মকৌশল | অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | মাদকের ব্যবহার বন্ধে সমন্বিতভাবে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ/সমাজকল্যাণ মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর। | মাদকের অপব্যবহার বন্ধে সমন্বিতভাবে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা আগামী ৭ অক্টোবর, ২০২১ এর মধ্যে প্রণয়ন করে তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)। |
| ২ | সরকারী চাকরিজীবীদের বছরে একবার ডোপ টেস্ট করতে হবে। যাদের টেস্ট পজিটিভ হবে তাদের বিরুদ্ধে বিভাগীয়/আইনগত ব্যবস্থা গ্রহন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয় | সরকারী চাকরিজীবীদের বছরে একবার ডোপ টেস্ট করার লক্ষ্যে ডোপটেস্ট বিধিমালা, ২০২১ ও ডোপটেস্ট প্রকল্প দ্রুত প্রণয়নে অধিদপ্তর হতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি সরকারি চাকুরিজীবীদের বছরে একবার ডোপটেস্ট করার জন্য কর্মকৌশল প্রনয়ণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/প্রশাসন)। |
| ৩ | কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদেরও ডোপ-টেস্টের আওতায় আনতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয় | সরকারী চাকরিজীবীদের পাশাপাশি কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদেরও ডোপ-টেস্টের আওতায় আনয়নের লক্ষ্যে কর্মকৌশল প্রনয়ণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)। |

| ক্র: নং | আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের কর্মকৌশল | অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৪ | ডাক বিভাগ ও কুরিয়ার সার্ভিসের মাধ্যমে যে কোন ধরনের মাদক পরিবহন রোধকল্পে স্ক্যানিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং লাইসেন্সবিহীন কুরিয়ার সার্ভিস বন্ধ করতে হবে; অনুমোদিত কুরিয়ার সার্ভিস/প্রতিষ্ঠানসমূহের তালিকা মন্ত্রণালয়/লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ | ডাক বিভাগ ও কুরিয়ার সার্ভিস এর উপর নজরদারী বৃদ্ধি করতে কর্মপরিকল্পনা আগামী ৭ অক্টোবর, ২০২১ এর মধ্যে গ্রহণ করে তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা)। |
| ৫ | মাদকের সরবরাহ বন্ধের পাশাপাশি মাদকের চাহিদা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ | মাদকের চাহিদা নিয়ন্ত্রণে দেশব্যাপী ব্যাপক মোটিভেশনাল কার্যক্রমের কর্মপরিকল্পনা আগামী ৭ অক্টোবর, ২০২১ এর মধ্যে প্রনয়ণ করে তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)। |
| ৬ | মাদক সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে সকল জেলায় প্রয়োজনীয় সংখ্যক বিশেষ আদালত প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/আইন ও বিচার বিভাগ | মাদক সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। মোবাইল কোর্ট পরিচালনা বাড়াতে হবে। প্রয়োজনে মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সকল জেলায় বিজ্ঞ বিচারক ও বিজ্ঞ আইনজীবি এবং বিজ্ঞ আদালতের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা-সেমিনার করা যেতে পারে। | ১।পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা)।<br>২। পরিচালক (প্রশাসন)। |
| ৭ | মাদক সরবরাহকারী ও মাদকসেবীকে শাস্তির আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণ যথাসময়ে আদালতে উপস্থাপনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/আইন ও বিচার বিভাগ | মাদক চোরাকারবারী ও মাদকসেবীদের শাস্তির আওতায় আনার লক্ষ্যে সাক্ষ্য-প্রমান যথাসময়ে বিজ্ঞ আদালতে উপস্থাপন নিশ্চিত করতে মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে তৎপর করতে হবে। | পরিচালক (অপারেশনস্)। |
| ৮ | মাদক সংক্রান্ত অপরাধ দমন এবং এ কাজে নিযুক্ত আইন প্রয়োগকারী সংস্থাসমূহের মধ্যে সুসমন্বয় এবং তথ্য আদান প্রদানের (Real Time Information Sharing) জন্য a2i এর সহায়তায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি সফটওয়ার তৈরি করতে হবে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে তথ্য প্রযুক্তি নির্ভর আধুনিক যন্ত্রপাতি দ্বারা সমৃদ্ধ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর | মাদক অপরাধ দমনে মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস, ক্ষতি হ্রাস এবং অধিদপ্তরের প্রশাসনিক কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করে বেগবান করার লক্ষ্যে অধিদপ্তরে গঠিত ৪টি কমিটি দ্রুত সময়ে সভা করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করবে। | পরিচালক (সকল) |

| ক্র: নং | আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের কর্মকৌশল | অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৯ | মাদকের চোরাচালান প্রতিরোধে সকল বিমান/স্থল/নৌ-বন্দরে আধুনিক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | অর্থ বিভাগ/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/নৌপরিবহন মন্ত্রণালয় | মাদকের চোরাচালান প্রতিরোধে সকল বিমান/স্থল/নৌ-বন্দরে আধুনিক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির কর্মপরিকল্পনা আগামী ৭ অক্টোবর, ২০২১ এর মধ্যে গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা)। |
| ১০ | প্রবেশন অফিসারের সংখ্যা, কিশোর উন্নয়ন কেন্দ্রের সংখ্যা, কেন্দ্রের ধারণ ক্ষমতা ও বাজেট বৃদ্ধি করতে হবে। | সমাজকল্যান মন্ত্রণালয় | এ বিষয়ে সমাজকল্যান মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)। |

৪। সভাপতি স্ব স্ব অবস্থানে থেকে সকলের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/২১

(মো: আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক।

নথি নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৩.২১. ৩৯৫৮

তারিখ: ১৩ আশ্বিণ, ১৪২৮ / ২৮ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৯। উপপরিচালক (......................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,................................।
১০। সহকারী পরিচালক (........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।
১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস কপি।

২৮/০৯/২০২১

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)।